

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজা খবর হোসেন মালিক মিয়া

চট্টগ্রামে এলিমেন্টারি স্কুলে শিক্ষার্থীদের বেতন বৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ



১৩ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মি:

■ চট্টগ্রাম অফিস

নগরীর এমএম আলী সড়কের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ এলিমেন্টারি স্কুল অ্যাড কলেজের শিক্ষার্থীদের মাসিক বেতন আরো ৮০০ টাকা বাড়ানোর প্রতিবাদে বিক্ষোভ করেছেন অভিভাবকরা। গতকাল সোমবার সকালে স্কুলের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। তারা অভিযোগ করেন, স্কুল কর্তৃপক্ষ কারো সাথে পরামর্শ না করেই ভুয়া সম্মতিপত্র দাখিল করে অতিরিক্ত জেলা প্রশাসকের (শিক্ষা ও আইসিটি) অনুমোদন নিয়ে হঠাত্ করে এই মাস থেকে আগের বেতনের সাথে আরো ৮০০ টাকা মাসিক ফি বাড়ানোর নোটিশ দিয়েছে।
বিক্ষোভ চলাকালে অভিভাবকদের পক্ষে বক্তব্য দেন আওয়ামী লীগ নেতা হাসান মনসুর, সরফুদ্দিন চৌধুরী রাজু, শামসুল আলম লিটন, ব্যবসায়ী নেতা মাহবুব রানা, অধ্যাপক রেজাউল করিম মহিউদ্দিন প্রমুখ। এছাড়াও এই আন্দোলনের প্রতি সংহতি প্রকাশ করেন নগর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নুরুল আজিম রানি, ছাত্রলীগ নেতা মিজানুর রহমান, মো. শাহেদ নোমান, মেহেদী হাসান, নোমান চৌধুরী রাখিন, তানভিরুল মাসুদ প্রমুখ।

তারপ্রাণে সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রন্ত অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত